

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৯০.০০৩.২১-৩২৪

তারিখ: ২০/১২/২০২১ খ্রিঃ
০৫/০৯/১৪২৮ বাং

“বিজ্ঞপ্তি”

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুশাসনমালা-২০২০ অনুযায়ী ২০২১ সনের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন যথাযথভাবে নির্দিষ্ট সময়ে দাখিল করণ প্রসংগে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭-০১-২০২১ খ্রিঃ তারিখের সূত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-১)-০৬ মোতাবেক বিউবোর্ডের ৯ম (৯ম গ্রেডে নিয়োগ/পদোন্নতিপ্রাপ্ত) গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তা বোর্ডের ওয়েব সাইট www.bpdb.gov.bd-এর আইন ও বিধি ৮(৩) হতে গোপনীয় অনুবেদন ফর্ম A4 সাইজ কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে এবং ১০-১১তম গ্রেডের কর্মচারীরা পুরতন ফর্মে স্বহস্তে পূরণ করতঃ সংশ্লিষ্ট অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মচারী যথাযথভাবে স্বাক্ষর, সীল ও সীলগালাযুক্ত খামের উপর অগ্রায়ন পত্রের মাধ্যমে প্রেরণ করতে হবে। তৃতীয় শ্রেণীর কর্মচারীদের গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট দপ্তর প্রধানের নিকট সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো। সঠিকভাবে ও যথাসময়ে বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম পূরণ/সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

১	অনুবেদন দাখিলের সময়	অনুবেদনাধীন কর্মচারীকে গোপনীয় অনুবেদন ফর্মের ১ম পাতা, ২য় অংশ, ৩য় অংশ যথাযথভাবে পূরণ, স্বাক্ষর ও সীল দিয়ে ০১-০১-২০২২ হতে ৩১-০১-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অগ্রায়নপত্রসহ অনুবেদনকারীর নিকট দাখিল করতে হবে। অনুবেদনকারীকে গোপনীয় অনুবেদন ফর্মের ৩য় অংশের ১১নং কলাম যাচাই পূর্বক ৪র্থ ও ৫ম অংশ পূরণ করতঃ সংশ্লিষ্ট স্থানে স্বাক্ষর ও সীলসহ সিলগালাযুক্ত খামে অগ্রায়নপত্রসহ ২৮-০২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করতে হবে। প্রতিস্বাক্ষরকারী অনুবেদনাধীন কর্মচারীর বিষয়ে তীর ব্যক্তিগত পর্যবেক্ষণ ও অনুবেদনকারীর মন্তব্যসহ মূল্যায়ন যথাযথ পর্যালোচনা করে ৬ষ্ঠ অংশ পূরণ ও সংশ্লিষ্ট স্থানে স্বাক্ষর ও সীলসহ সিলগালাযুক্ত খামে অগ্রায়নপত্রসহ ৩১-০৩-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকলকে অগ্রায়নপত্রের অনুলিপি সহ কর্মচারী পরিদপ্তরে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট সকল অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারীর নাম, আইডি, পদবী ও দপ্তরযুক্ত সীলমোহর ব্যবহার করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে অনুবেদন প্রেরণের ব্যর্থতা ‘অসদাচরণ’ হিসেবে বিবেচিত হবে।
২	অসামঞ্জস্যপূর্ণ/ত্রুটিপূর্ণ অনুবেদন	৯ম (৯ম গ্রেডে নিয়োগ/পদোন্নতিপ্রাপ্ত) গ্রেড বা তদুর্ধ্ব সকল কর্মচারী ২০২১ সন হতে বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন পুরাতন ফর্মে এবং ১০-১১তম গ্রেডের কর্মচারীরা নতুন ফর্মে দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। গোপনীয় অনুবেদনে কাটাছেঁড়া, ঘষামাজা বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। তবে একান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট অংশটুকু একটানে কেটে অনুস্বাক্ষরসহ লেখা যাবে। অস্পষ্টতা, এড়িয়ে যাওয়া ও অতিরঞ্জিত বাক্য পরিহার করে সুস্পষ্ট ও সরাসরি মন্তব্য প্রদানের জন্য অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারীকে পরামর্শ দেওয়া হলো। তারিখের ক্ষেত্রে অদ্যাবধি কোনক্রমেই লেখা যাবে না।
৩	বিরূপ মন্তব্য/মূল্যায়ন	জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুশাসনমালা-২০২০ এর ৪র্থ অধ্যায়ের ৪.৩.১-৩ এর নির্দেশাবলী যথাযথ অনুসরণ পূর্বক বিরূপ মন্তব্য/প্রাপ্ত নম্বর-১ ঘরে অনুস্বাক্ষর ও চলতিমানের নিম্নের প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে পরামর্শ দেওয়া যাচ্ছে। বিরূপ মন্তব্য প্রদানের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট কারনসহ লিখিত সতর্কীকরণ নোটিশের কপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪	অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী একাধিক বা অবর্তমানে করণীয়	অনুবেদনকারী কিংবা প্রতিস্বাক্ষরকারী একাধিক হওয়া এবং অবর্তমানে করণীয় এর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ এর ২য় অধ্যায়ের ২.৪ ও ২.৫ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক অনুবেদন সম্পন্ন করার জন্য সকল অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে পরামর্শ দেওয়া যাচ্ছে।
৫	স্বাস্থ্য পরীক্ষা/প্রতিবেদন	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্র নং-০৫.০০.০০০০.১০২.০১.০০১.১৯-৭৪ তারিখ: ২৮/১১/২০২১ ও কেন্দ্রীয় সচিবালয়ের সূত্র নং-২৭.১১.০০০০.১০১.১৯.০০১.২১-৫২১ তারিখ: ০৬/১২/২০২১ খ্রিঃ অনুযায়ী বিরাজমান কোভিড-১৯ সংক্রমের ঝুঁকির বিষয়টি বিবেচনাপূর্বক ২০২১ সনের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম দাখিলের ক্ষেত্রে স্বাস্থ্য প্রতিবেদন গ্রহণের আবশ্যিকতা হতে অব্যাহতি প্রদান করা হয়েছে।

বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট পৌছানোর বিষয়ে দপ্তর প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

নির্দেশক্রমে,
স্বাক্ষরিত/-
২০-১২-২০২১
(ফৌজিয়া ইয়াসমীন)
পরিচিতি নং-০২-০০৭১
অতিরিক্ত পরিচালক (কর্ম)
ফোন: ০২২২৩৩৮৫৫৭

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৯০.০০৩.২১-৩২৪

তারিখ: ২০/১২/২০২১ খ্রিঃ
০৫/০৯/১৪২৮ বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- সকল দপ্তর প্রধান
... .. বিউবো,
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(শেখ খায়রুজ্জামান)
পরিচিতি নং-০২-০২৮৫
সহকারী পরিচালক-১২ (কর্ম)
ফোন: ২২৩৩৫৫০৪৩, ০১৭১০৮৮৮১৭৮
ই-মেইল: zaman.3eye@gmail.com